# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **রচনামূলক প্রশ্ন** পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো:** ১০

(ক) ইন্টারনেট

(খ) সত্যবাদিতা।

২. (ক) মনে করো তোমার নাম রাজু ও তোমার বন্ধুর নাম রিমু। তোমার জীবনের লক্ষ্য কী তা জানিয়ে বন্ধুর নিকট একটি চিঠি লেখো। ১০

অথবা, (খ) প্রশংসাপত্রের জন্যে প্রধান শিক্ষকের নিকট দরখাস্ত লেখো।

৩. **যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ১০

(ক) **সারাংশ লেখো:**

তুমি জীবনকে সার্থক সুন্দর করিতে চাও? ভালো কথা। কিন্তু সে জন্যে তোমাকে প্রাণান্ত পরিশ্রম করিতে হইবে। সব তুচ্ছ করিয়া যদি তুমি লক্ষ্যের দিকে ক্রমাগত অগ্রসর হইতে পার, তবে তোমার জীবন সুন্দর হইবে। আরও আছে। তোমার ভিতর এক 'আমি' আছে যে বড় দুরন্ত। তাহার স্বভাব পশুর মতো বর্বর ও উচ্ছৃঙ্খল। সে কেবল ভোগ-বিলাস চায়। সে বড় লোভী। এই 'আমি'-কে জয় করিতে হইবে। তবেই তোমার জীবন সার্থক ও সুন্দর হইয়া উঠিবে।

Teachingbd.com

অথবা, (খ) **সারমর্ম লেখো:**

স্বাধীনতা স্পর্শমণি সবাই ভালোবাসে,
সুখের আলো জ্বালে বুকে দুঃখের ছায়া নাশে।
স্বাধীনতা সোনার কাঠি খোদার সুধা দান,
স্পর্শে তাহার নেচে উঠে শূন্য দেহে প্রাণ।
মনুষ্যত্বের বান ডেকে যায় ভীরু হৃদয়ের তলে,
বুক ফুলিয়ে দাঁড়ায় ভীরু স্বাধীনতা বলে।

৪. **যেকোনো একটি ভাবসম্প্রসারণ করো:** ১০

(ক) বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।

অথবা, (খ) আত্মশক্তি অর্জনই শিক্ষার উদ্দেশ্য।

৫. (ক) তোমার বিদ্যালয়ে বাংলা নববর্ষ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালার বিবরণ দিয়ে একটি প্রতিবেদন রচনা করো। ১০

অথবা, (খ) আজকের যুব সমাজের নৈতিক অবক্ষয় উল্লেখ করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটা প্রতিবেদন রচনা করো।

৬. **যেকোনো একটি বিষয়ে রচনা লেখো:** ২০

(ক) শিষ্টাচার;
(খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধ;
(গ) মানব কল্যাণে বিজ্ঞান।

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ০ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলের জনগণ যে ভাষায় কথা বলে তার নাম কী?
ⓚ মৌলিক ভাষা ⓚ সাধু ভাষা
ⓖ উপভাষা ⓖ আঞ্চলিক ভাষা

২. ব্যাকরণের 'রূপতত্ত্ব' অংশে আলোচিত হয়—
ক) বাক্য, বাক্য প্রকরণ, বাগধারা ইত্যাদি
খ) বর্ণ, সন্ধি, ণত্ব বিধান ষত্ব বিধান ইত্যাদি
গ) শব্দ প্রকরণ, পদ প্রকরণ, লিঙ্গ, বচন, শব্দরূপ, ক্রিয়ার কাল, পুরুষ, ধাতুরূপ, পদ পরিবর্তন
ঘ) উপরের কোনোটিই নয়

৩. বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ কতটি?
ক) বত্রিশটি খ) দশটি
গ) আটটি ঘ) এগারটি

৪. ধ্বনি বিপর্যয়-এর উদাহরণ কোনটি?
ক) মুড়া > মুড়ে খ) বাক্স > বাস্ক
গ) মোজা >মুজো ঘ) দেশি > দিশি

৫. 'দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, সর্বনাম' প্রভৃতি শব্দগুলোতে মূর্ধন্য 'ণ' ব্যবহৃত হয় নি কেন?
ক) তৎসম শব্দ বলে
খ) দেশি শব্দ বলে
গ) বিদেশি শব্দ বলে
ঘ) সমাসবদ্ধ শব্দ বলে

৬. কোনটি সন্ধির উদ্দেশ্য?
ক) শব্দের মিলন
খ) বর্ণের মিলন
গ) ধ্বনিগত মাধুর্য সম্পাদন
ঘ) শব্দগত মাধুর্য সম্পাদন

৭. 'ইনী'-স্ত্রী প্রত্যয় যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক) জেলেনী খ) চাকরানী
গ) কাঙালিনী ঘ) ডাক্তারনী

৮. 'চিকচিক করে বালি কোথা নাহি কাদা'– এখানে দ্বিরুক্ত শব্দটি কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?
ক) বিশেষ্যের বিশেষণ
খ) অব্যয়ের বিশেষণ
গ) বিশেষণের বিশেষণ
ঘ) ক্রিয়া বিশেষণ

৯. কোনটি গণনাবাচক শব্দ?
ক) ১২ খ) দ্বাদশ
গ) বার ঘ) বারোই

১০. 'কুসুম'– শব্দটির শেষে কোন বহুবচনবোধক শব্দটি বসবে?
ক) নিকর খ) নিচয়
গ) মালা ঘ) রাজি

১১. 'সারাটি সকাল তোমার আশায় বসে আছি'– এ বাক্যে 'সারা' শব্দের সাথে 'টি' যুক্ত হয়ে কোনটি প্রকাশ করেছে?
ক) অর্থপূর্ণভাবে খ) দ্ব্যর্থহীনভাবে
গ) সার্থকভাবে ঘ) নিরর্থকভাবে

১২. 'চন্দ্রমুখ' শব্দের ব্যাসবাক্য কোনটি?
ক) চন্দ্রের ন্যায় মুখ খ) চন্দ্র রূপ মুখ
গ) মুখ চন্দ্রের ন্যায় ঘ) মুখ ও চন্দ্র

১৩. 'অঘারাম বাস করে অজপাড়াগাঁয়ে'— 'অঘা' ও 'অজ' কোন ধরনের উপসর্গ?
ক) বিদেশি খ) খাঁটি বাংলা
গ) তৎসম ঘ) আ উপসর্গ

১৪. 'ঘৃষ' ধাতুর বাংলা রূপ কোনটি?
ক) ঘষা খ) ঘিষ্
গ) ঘষ্ ঘ) ঘাষ্

১৫. 'দাতব্য'-এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক) দাত + তব্য খ) দাত + ব্য
গ) দ + তব্য ঘ) দা + তব্য

১৬. 'ডিঙি' শব্দে 'আ' প্রত্যয় যুক্ত হলে কী অর্থে ব্যবহৃত হয়?
ক) বৃহদার্থে খ) ক্ষুদ্রার্থে
গ) সমার্থে ঘ) ভিন্নার্থে

http://teachingbd.com

১৭. 'সন্দেশ' কোন শ্রেণির শব্দ?

ⓚ যৌগিক ⓚ রূঢ়ি
ⓖ দেশি ⓖ যোগরূঢ়

(ক) যৌগিক (খ) রূঢ়ি
(গ) দেশি (ঘ) যোগরূঢ়

১৮. 'আপনি যখন বলছেন, বেশতো আমি যাব'— এই বাক্যে অনন্বয়ী অব্যয়টি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

(ক) অনুমোদন বাচকতায়
(খ) অসম্মতি প্রকাশে
(গ) স্বীকৃতি জ্ঞাপনে
(ঘ) সমর্থনসূচক জবাবে

১৯. 'তোমাকে দেখে প্রীত হলাম'— কোন ক্রিয়ার উদাহরণ?

(ক) যৌগিক ক্রিয়া
(খ) প্রযোজক ক্রিয়া
(গ) মিশ্র ক্রিয়া
(ঘ) অনুক্ত ক্রিয়া

২০. কোনটি নিত্যবৃত্ত অতীত কালের উদাহরণ?

(ক) গাইতাম গীত শুনি কোকিলের ধ্বনি
(খ) চোখের আলোয় দেখেছিলেম
(গ) আকাশ জুড়ে মেঘ করেছে
(ঘ) নকুল দা জুতো মচমচিয়ে চলছিলেন

২১. 'কাটিতে কাটিতে ধান এল বরষা'— এ বাক্যের অসমাপিকা ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?

(ক) সমকাল (খ) নিরন্তরতা
(গ) সমাপ্তি (ঘ) সূচনা

২২. 'ধাতুর গণ' ঠিক করতে কয়টি বিষয় লক্ষ রাখতে হয়?

(ক) দুটি (খ) তিনটি
(গ) চারটি (ঘ) পাঁচটি

২৩. 'তিনি চট্টগ্রাম থেকে এসেছেন' —এখানে 'চট্টগ্রাম' কোন কারক?

(ক) কর্তৃকারক
(খ) কর্মকারক
(গ) অধিকরণ কারক
(ঘ) অপাদান কারক

২৪. 'তোমার কাছে সুখ চেয়ে পেলাম শুধু লজ্জা'— এ বাক্যে অনুসর্গ কোনটি?

(ক) লজ্জা (খ) সুখ
(গ) তোমার (ঘ) কাছে

২৫. 'মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে' — বাক্যটি কোন বাক্যের উদাহরণ?

(ক) সরল বাক্য (খ) যৌগিক বাক্য
(গ) জটিল বাক্য (ঘ) মিশ্র বাক্য

২৬. 'পার্থক্য' বোঝাতে নিচের কোন বাগধারাটি প্রযোজ্য?

(ক) অকূল পাথার (খ) আট কপালে
(গ) কপাল ফেরা (ঘ) ইতর বিশেষ

২৭. 'তোমাকে হাঁটতে হবে'— এটা কোন বাচ্যের উদাহরণ?

(ক) ভাববাচ্যের (খ) কর্তৃবাচ্যের
(গ) কর্মবাচ্যের (ঘ) কর্মকর্তৃবাচ্যের

২৮. প্রত্যক্ষ উক্তিতে কোনো চিরন্তন সত্য থাকলে পরোক্ষ উক্তিতে কিসের পরিবর্তন হয় না?

(ক) কালের (খ) ভাবের
(গ) উক্তির (ঘ) পুরুষের

২৯. যৌগিক ও মিশ্রবাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা তার বেশি বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়?

(ক) কোলন (খ) সেমিকোলন
(গ) ড্যাশ (ঘ) হাইফেন

৩০. "তোমাকে নিয়ে কী মুশকিলেই না পড়লাম।"— এ বাক্যটিতে কী অর্থ প্রকাশ পেয়েছে?

(ক) বিরক্তি (খ) বিড়ম্বনা
(গ) ক্ষোভ (ঘ) ঘৃণা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ |

http://teachingbd.com